

## দারোগাবাবু এবং হাবু ভবানীপ্রসাদ মজুমদার

১. ঠিক শব্দটি বেছে নিয়ে বাক্যটি আবার লেখ :

১.১ হাবু থানায় গিয়েছিল ( বেড়াতে/ অভিযোগ জানাতে/ চিকিৎসা করাতে/ হারানো পাখি খুঁজতে)

**উত্তর :-** হাবু থানায় গিয়েছিল অভিযোগ জানাতে।

১.২. বাড়িতে পোষা হয় এমন পাখির মধ্যে পড়ে না ( টিয়া/পায়রা/ময়না/ কোকিল)

**উত্তর-** বাড়িতে পোষা হয় এমন পাখির মধ্যে পড়ে না কোকিল।

১.৩. হাবু ও তাঁর দাদাদের পোষা মোট পশু- পাখির সংখ্যা ( ১৭৫/১৫০/১৭০/ ২৫)

**উত্তর:** হাবু ও তাঁর দাদাদের পোষা মোট পশু- পাখির সংখ্যা ১৭৫।

২ 'ক' এর সঙ্গে 'খ' স্তম্ভ মিলিয়ে লেখো।

ক স্তম্ভ	খ স্তম্ভ
নালিশ	অভিযোগ
বারন	নিষেধ
পাগল	উন্মাদ
সদাই	সবসময়
কাবু	কাহিল

৩ শব্দ ঝুড়ি থেকে নিয়ে বিশেষ্য ও বিশেষণ আলাদা করে লেখো।

উত্তর- বিশেষ্য – পায়রা, থানা, বড়বাবু

বিশেষণ- কাবু, খুব, নালিশ, করুন, পোষা, দুঃখ, চারজন

৪ ' কেঁদে- কেঁদে' এরকম একই শব্দকে পাশাপাশি দুবার ব্যবহার করে পাচটি নতুন শব্দ তৈরী কর।

উঃ রোজ রোজ, নেচে নেচে, হেসে হেসে, দিন দিন, মনে মনে।

৫ ক্রিয়ার নীচে দাগ দাও

৫.১ **বললে কেঁদেই** হাবু।

৫.২ সাতটা বেড়াল **পোষেন** ছোটো বড়ো।

৫.৩ **বললে** করুণ সুরে।

৫.৪ যাবেই যে সব **উড়ে**।

৫.৫ ভগবানকেই **ডাকি**।

৬ **বাক্য রচনা কর**

**নালিশ**- অকারণে কারো নামে নালিশ করা উচিত নয়।

**ভগবান**- বিপদে- আপদে ভগবানের নাম স্মরণ করলে মনে জোর বাড়ে।

**বারণ**- মা দুপুরের রোদে বাইরে খেলতে বারণ করেছেন।

**করুণ**- আহত কুকুরছানাটি করুণ সুরে কাঁদছে।

**ভোর**- ভোর বেলা ঘুম থেকে ওঠা শরীরের পক্ষে ভালো।

৭ **ঘটনাক্রম সাজিয়ে লেখো**

৭.১ হাবু থানার বড়বাবুর কাছে কান্নাকাটি করে নালিশ জানালো।

৭.২ জীবজন্তুর গন্ধে হাবুর প্রাণ যায় যায়।

৭.৩ হাবুরা চার ভাই একটা ঘরেই থাকে।

৭.৪ বড়দা সাতটা বেড়াল, মেজদা আটটা কুকুর, সেজদা দশটা কুকুর ও হাবু নিজে দেড়শোঁ পায়রা পোষে।

৭.৫ দারোগা বাবুর উত্তর শুনে হাবু বেজায় কাতর হয়ে পড়ল।

সমাধানঃ

১ হাবু থানার বড়বাবুর কাছে কান্নাকাটি করে নালিশ জানালো।

২ হাবুরা চার ভাই একটা ঘরেই থাকে।

৩ বড়দা সাতটা বেড়াল, মেজদা আটটা কুকুর, সেজদা দশটা কুকুর ও হাবু নিজে দেড়শোঁ পায়রা পোষে।

৪ জীবজন্তুর গন্ধে হাবুর প্রাণ যায় যায়।

৫ দারোগা বাবুর উত্তর শুনে হাবু বেজায় কাতর হয়ে পড়ল।

৮ **কবিতাতে অন্তিমিল আছে এমন পাঁচ জোড়া শব্দ লেখো**

উঃ হাবু-বড় বাবু, থাকি-ডাকি, বড়ো- করো, ভুলো- গুলো, বেঁধে – কেঁদে।

৯ **বাক্য বাড়াওঃ**

৯.১ হাবু গিয়েছিল ( কোথায়? কখন?)

উঃ হাবু ভোরে থানায় গিয়েছিল।

**৯.২ বড়দা পোষেন বেড়াল। ( কয়টি? কেমন?)**

উঃ বড়দা পোষেন ছোট- বড় আটটি বেড়াল।

**৯.৩ হাবু ভগবানকে ডাকে।( কেন? কখন?)**

উঃ হাবু দুঃখে সারা-দিন রাত ভগবানকে ডাকে।

**৯.৪ দারোগাবাবু বলেন ঘরের জানলা – দরজা খুলে রাখতে। ( কাকে?)**

উঃ দারোগাবাবু হাবুকে বলেন ঘরের জানলা – দরজা খুলে রাখতে

**৯.৫ হাবুর পায়রা উড়ে যাবে। ( কয়টি)**

উঃ হাবুর দেড়শো পায়রা উড়ে যাবে।

**১০.১ ছোটোদের জন্য ছড়া কবিতা লিখেছেন এমন দুজন কবির নাম বল।**

উঃ সুকুমার রায়, ভবানীপ্রসাদ মজুমদার।

**১০.২ তোমার পাঠ্য কবিতাটির কবি কে?**

উঃ, ভবানীপ্রসাদ মজুমদার।

**১০.৩ তাঁর লেখা দুটি বইয়ের নাম লেখো**

উঃ মজার ছড়া, নাম তার সুকুমার।

**১১ নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো**

**১১.১ হাবু কোথায় গিয়ে কার কাছে নালিশ জানিয়েছিল?**

উঃ কবি ভবানীপ্রসাদ মজুমদারের লেখা 'দারোগাবাবু এবং হাবু' কবিতার প্রধান চরিত্র হাবু থানায় গিয়ে দারোগাবাবুর কাছে নালিশ জানিয়েছিলেন।

**১১.২ হাবুর বড়দা, মেজদা ও সেজদা ঘরে কি কি পোষেন?**

উঃ কবি, ভবানীপ্রসাদ মজুমদারের লেখা "দারোগাবাবু এবং হাবু" কবিতার হাবুর বড়দা ছোট-বড় সাতটি বিড়াল পোষেন, তাঁর মেজদা সেই ঘরেই আটটি কুকুর পোষেন ও তাঁর সেজদা দশটা ছাগল পোষেন।

**১১.৩ হাবুর করুণ অবস্থার জন্য সে নিজেও কীভাবে দায়ি ছিল বলে তোমার মনে হয়?**

উঃ একটি ঘরের মধ্যেই হাবুর দাদারা বিড়াল, কুকুর ও ছাগল পুষত। কিন্তু হাবু নিজেও আলাদা নয়, সে ঘরের মধ্যে দেড়শো পায়রা পুষত। আর সেই পায়রা যাতে উড়ে না যায় তাই সে জানলা দরজা



বন্ধ করে রাখত। তাই সারা ঘর দুর্গন্ধে ভরে থাকত। অর্থাৎ হাবুর করুণ অবস্থার জন্য সে নিজেও কিছুটা দায়ী।

#### ১১.৪ দারোগা বাবু হাবুকে যে পরামর্শ দিল তা হাবুর পছন্দ হল না কেন?

উঃ হাবুর তিন জন দাদা একই ঘরে অনেক বিড়াল, কুকুর ও ছাগল পুষত ও তাই দুর্গন্ধে হাবুর প্রাণ যায় যায়। তাই দারোগা বাবু তাকে পরামর্শ দিয়েছিল যে ঘরের জানলা, দরজা খুলে রাখতে। কিন্তু দারোগা বাবুর এই উপদেশ হাবুর পছন্দ হয় নি কারণ তাহলে হাবুর পোষা দেড়শো পায়রা উড়ে যাবে।

#### ১১.৫ দারোগাবাবুর কাছে হাবু তাঁর যে দুঃখের বর্ণনা দিয়েছিল তা নিজের ভাষায় লেখো।

উঃভোরবেলায় থানায় গিয়ে দারোগাবাবুর কাছে তাঁর দুঃখের কথা বলে। তারা চার ভাই একই ঘরে থাকে এবং সেই ঘরেই বড়দা সাতটি বিড়াল, মেজদা আটটি কুকুর ও সেজদা দশটি ছাগল পোষেন। এর ফলে দুর্গন্ধে হাবুর প্রাণ বেরিয়ে যায়। মনের দুঃখে সে সারাদিন রাত ভগবানকে ডাকে।

# সমাধান

[www.somadhan.info](http://www.somadhan.info)